# হাতিয়ায় হান্নান মাসউদের বিরুদ্ধে বিএনপি প্রার্থীর গাড়িতে ইট নিক্ষেপের অভিযোগ



হাতিয়ায় বিএনপি-এনসিপি সংঘর্ষ। ছবি: সংগৃহীত

নোয়াখালীর দ্বীপ উপজেলা হাতিয়ায় এনসিপির নেতা আবদুল হান্নান মাসউদের নেতৃত্বে লাঠি মিছিলকে কেন্দ্র করে উত্তেজনা ছড়িয়েছে। মিছিল থেকে বিএনপি প্রার্থী মাহবুবুর রহমান শামীমের গাড়ি লক্ষ্য করে ইটপাটকেল ছোড়া হয়েছে বলে অভিযোগ উঠেছে।

শুক্রবার রাতে ওছখালী শহরে মিছিলটি হয়। একই দিনে তমরুদ্দি ইউনিয়নের তালতলায় এনসিপির নির্বাচনী কার্যালয়ে ভাঙচুরের ঘটনা ঘটে বলে দলটির দাবি। এতে তাদের এক কর্মী আহত হয়েছেন।

হান্নান মাসউদের অভিযোগ, তার জনপ্রিয়তায় ঈর্ষান্বিত হয়ে প্রতিপক্ষ নির্বাচনী অফিসে হামলা চালিয়েছে এবং পরিকল্পিতভাবে নির্বাচন ব্যাহত করার চেষ্টা করছে। অন্যদিকে শামীমের পক্ষে দাবি করা হয়, এনসিপিই এলাকায় অস্থিরতা তৈরি করছে এবং মিছিল থেকে তাদের প্রার্থীর গাড়িতে হামলা হয়েছে।

হাতিয়া থানার ওসি সাইফুল আলম বলেন, গাড়িতে ইট নিক্ষেপ ও ভাঙচুরের খবর পাওয়া গেছে, তবে কোনো লিখিত অভিযোগ এখনো আসেনি। অভিযোগ পেলে তদন্ত করে ব্যবস্থা নেওয়া হবে। এর আগে নলচিরা ঘাটে ফেরি উদ্বোধনকে কেন্দ্র করে দুই পক্ষের সংঘর্ষে অন্তত ১০ জন আহত হন।

LENS ASIA